

## ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)

নওগাঁ শাখা।

৩৭৯, মাজেদা সুপার মার্কেট, তুলা পাটি, নওগাঁ

### অর্থস্থান আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স শাহাদত হোসেন, স্বত্ত্বাধিকারী জনাব- মোঃ শাহাদত হোসেন (ঝংগাহিতা), পিতাঃ- মৃত সাইফুল ইসলাম, মাতা- মোছাঃ ছালেহা বিবি, ব্যবসায়িক ঠিকানা- চাউল পাটি, পার-নওগাঁ, পোঃ নওগাঁ, উপজেলাঃ নওগাঁ জেলাঃ নওগাঁ, বর্তমান ও স্থায়ী ঠিকানা- পার-নওগাঁ, সরদার পাড়া, নওগাঁ-৬৫০০, নওগাঁ সদর, নওগাঁ, যাহার জামিনদার ও বন্ধকদাতা (১) মোছাঃ ছালেহা বিবি, স্বামিঃ- মৃত সাইফুল ইসলাম এবং মেসার্স শাহাদত হোসেন এর স্বত্ত্বাধিকারী জনাব- মোঃ শাহাদত হোসেন এর মাতা, বর্তমান ও স্থায়ী ঠিকানা- পার-নওগাঁ, সরদার পাড়া, নওগাঁ-৬৫০০, নওগাঁ সদর, নওগাঁ, কর্তৃক ইউসিবি, নওগাঁ শাখা হইতে গৃহীত ঝণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোজার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঝংগাহিতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঝণ পরিশোধ না করায় বিগত ৩১.১০.২০১৮ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ২১,২৭,৪৯১/= (একুশ লক্ষ সাতাশ হাজার চারশত একানবই) টাকা সহ অন্যান্য আনন্দাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলনোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

#### বন্ধকী সম্পত্তির তফসিল

নওগাঁ পৌরসভার ভিতরে অবস্থিত রেজিস্ট্রিকৃত ৭.০০ শতাংশ জমি এর মালিক মোছাঃ ছালেহা বিবি, স্বামিঃ- মৃত সাইফুল ইসলাম এবং মেসার্স শাহাদত হোসেন এর স্বত্ত্বাধিকারী জনাব- মোঃ শাহাদত হোসেন এর মাতা, মৌজাঃ পার-নওগাঁ, জে.এল নং ২৯৬/১৮৩, খতিয়ান নং এস.এ- ১৩০, আর.এস- ২০০, প্লট নং এস.এ- ৬১৪, আর.এস- ১০০৩, ১০০৪, পোঃ নওগাঁ, উপজেলাঃ নওগাঁ জেলাঃ নওগাঁ।

#### নিলামের শর্তাবলী ৪-

- ১। আগামী ২০/১২/২০১৮ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নওগাঁ শাখায় রাখিত বাল্লে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২। প্রত্যেক দরপত্রাদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নওগাঁ শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৩। অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নবই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াঙ্গ হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রাদাতার জামানত বাজেয়াঙ্গ হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রাদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- ৪। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রহ করিতে পারিবেন।
- ৫। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্ত্বাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৬। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- ৭। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৮। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নওগাঁ শাখা।